যুগান্তর

তারিখ ২১ AUG 2017
পৃষ্ঠা ১৬ কলাম ৬

কুবি শিক্ষকের বাধ্যতামূলক ছুটি

# উপাচার্যকে অফিসে প্রবেশে বাধা শিক্ষার্থীদের ক্লাস-পরীক্ষা বর্জন

**কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

শোক দিবসে ক্লাস নেয়ার অভিযোগে ছাত্রলীগের দাবির পরিপ্রেক্ষিতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক মাহবুবুল হক ভূঁইয়াকে এক মাসের বাধ্যতামূলক ছুটিতে পাঠানোর সিদ্ধান্ত প্রত্যাহারের দাবিতে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আলী আশরাফকে তার কার্যালয়ে প্রবেশ করতে দেয়নি শিক্ষক সমিতি। রোববার সকালে নিজ কার্যালয়ে যাওয়ার সময় প্রশাসনিক ভবনের নিচতলায় তাকে বাধা দেন শিক্ষকরা। এদিকে ওই শিক্ষককের বাধ্যতামূলক ছুটিকে পাঠানোর সিদ্ধান্ত প্রত্যাহার চেয়ে উপাচার্য বরাবর আইনি নোটিশ পাঠানো হয়েছে। একই সঙ্গে এ বিষয়ে কী পদক্ষেপ নেয়া হয়েছে তা ১২ ঘণ্টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও রেজিস্ট্রারকে জানাতে বলা হয়েছে। জানা যায়, রোববার সকাল ৯টার দিকে প্রশাসনিক ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন শুরু করে বঙ্গবন্ধু পরিষদ। এর ঘণ্টাখানিক পর উপাচার্য তার কার্যালয়ে এলে প্রশাসানিক ভবনের নিচতলায় তাকে বাধা দেয় বঙ্গবন্ধু পরিষদ ও শিক্ষক সমিতি। এ সময় উপাচার্যপন্থী শিক্ষকদের সঙ্গে শিক্ষক সমিতি ও বঙ্গবন্ধু পরিষদভুক্ত শিক্ষকদের মধ্যে তুমুল বাকবিতণ্ডা হয়। এদিকে মাহবুবুল হক ভূঁইয়াকে বাধ্যতামূলক ছুটিতে পাঠানোর প্রতিবাদে ক্লাস-পরীক্ষা বর্জন করেছেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থীরা।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর